

# যুগান্তর

প্রিন্ট: ২১ জুন ২০২৬, ১০:১১ এএম

শিক্ষাঙ্গন

## শিক্ষাক্রমে যুক্ত হতে পারে 'ফোর-ওয়ে টেস্ট'

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৯ জুন ২০২৬, ১০:০৪ পিএম



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন। ফাইল ছবি



পরবর্তী খেলা



তিউনিসিয়া

এস্তাদিও বিবিভিএ, মন্তেরেই, মেক্সিকো

গ্রুপ এফ

-

সকাল ১০টা

জাপান



পরবর্তী খেলাসমূহ

রোববার ২১ জুন ২০২৬



স্পেন

মাসিডিজ-বেঞ্জ স্টেডিয়াম, আটলান্টা, যুক্তরাষ্ট্র

-

[গ্রুপ এইচ] রাত ১০টা

সৌদি ...



সোমবার ২২ জুন ২০২৬



বেলজি...

সোফি স্টেডিয়াম, লস অ্যাঞ্জেলেস, যুক্তরাষ্ট্র

-

[গ্রুপ জি] রাত ১টা

ইরান



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আনম এছানুল হক মিলন বলেছেন, দেশের শিক্ষার্থীদের নৈতিকতা, সততা ও সামাজিক মূল্যবোধ বিকাশে জাতীয় শিক্ষাক্রমে ‘ফোর-ওয়ে টেস্ট’ অন্তর্ভুক্ত হতে পারে। তবে এটি কোন শ্রেণির পাঠ্যক্রমে যুক্ত হবে, সে বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

শুক্রবার (১৯ জুন) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে রোটারি বাংলাদেশ আয়োজিত এক সেমিনারে এ কথা বলেন তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে। শিক্ষাক্রম বিশেষজ্ঞরা ‘ফোর-ওয়ে টেস্ট’ পর্যালোচনা করবেন এবং এটি ষষ্ঠ শ্রেণি বা অন্য কোনো শ্রেণির পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা সম্ভব কিনা, তা যাচাই করবেন। ফোর-ওয়ে টেস্ট হলো— আমরা যা চিন্তা করি, বলি ও করি, তা যাচাই করার জন্য চারটি প্রশ্ন।

প্রশ্নগুলো হলো: এটি কি সত্য? এটি কি সংশ্লিষ্ট সবার প্রতি ন্যায়সংগত? এটি কি সদ্ভাব ও ভালো বন্ধুত্ব গড়ে তুলবে? এটি কি সংশ্লিষ্ট সবার জন্য উপকারী হবে? এই চার প্রশ্নের উত্তর যদি ‘হ্যাঁ’ হয়, তাহলে সেই চিন্তা, কথা বা কাজকে নৈতিক ও সঠিক বলে বিবেচনা করা যায়।

সেমিনারে শিক্ষামন্ত্রী বলেন, দেশের জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করতে সরকার শিক্ষা খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। একই সঙ্গে কর্মমুখী ও দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে কারিগরি এবং বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ খাতের সম্প্রসারণ এবং মানোন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।